গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পানিতে ডুবে আলিফ হোসেন (৮) এক শিশুর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার বিকাল ৪ টায় উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের সীমান্তবর্তী গ্রাম সহড়াতলাতে এ ঘটনা ঘটে। আলিফ হোসেন সহড়াতলা গ্রামের জিল্লুর রহমানের ছেলে।

আলিফের পরিবারের সদস্যরা জানায়,বাড়ির পার্শে জনৈক্য আইতাল হোসেনের পুকুরে গোসল করতে গিয়ে নিখোঁজ হন সে। পরে পুকুরে নিখোঁজের বিষয়টি বামুন্দী ফায়ার সার্ভিসকে জানানো হলে তারা আলিফকে উদ্ধার করে।

বামুন্দী ফায়ার সার্ভিসে ভারপ্রাপ্ত স্টেশন অফিসার ইছাহাক আলী জানান,পুকুরে ডুবে আলিফ নামের এক শিশু নিখোঁজ রয়েছে এমন সংবাদের ভিত্তিতে ফায়ার সার্ভিসের কর্মীরা বেশ কিছু সময় চেষ্টা করে আলিফকে উদ্ধার করে। পরে তাকে সন্ধানী হাসপাতালে নেয়া হলে কতর্বর্যত চিকিৎক তাকে মৃত ঘোষনা করেন। আলিফের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে জানিয়ে স্টেশন অফিসার ইছাহাক আলী বলেন,অভিভাবকদের সচেতন হতে হবে তা না হলে অপমৃত্য’র হাত থেকে রক্ষা পাওয়া কঠিন। ফায়ার সার্ভিসের পক্ষ থেকে প্রচার প্রচারনা করা হলেও অভিভাবক বৃন্দরা কর্নপাত করেনা একারনে পানিতে ডুবে মৃত্যু’র ঘটনা ঘটছে। উল্লেখ্য : গত দু মাসে জেলায় অন্তত ১০ জনের পানিতে ডুবে মৃত্যু হয়েছে।

মুজিবনগরের খানপুরে বাশের বেড়া দিয়ে চলাচলের রাস্তা বন্ধ করার

অভিযোগ

মেহেরপুর মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের ৬ নং ওয়ার্ড খানপুর গ্রামের আলেফা উদ্দীন এর পরিবারের যাতায়াতের রাস্তা থাকলেও তা বন্ধ করে দিয়েছে প্রতিবেশিরা।

বৃহস্পতিবার সকালে দারিয়াপুর ইউনিয়নের ৬ নং ওয়ার্ড খানপুর ঘুরে দেখা যায় আলেফা উদ্দীনের বাড়ির পাশে একমাত্র রাস্তা থাকলেও তা বন্ধ করে দিয়েছে প্রতিবেশি মৃত আলা মহীদারের ছেলে রশিদ (৫০), মজিবর (৩৫), রহমোতুল্লা (৪৮) ও রফিকুল (৪০) । যেখানে রাস্তা ছাড়া বন্ধী জীবনযাপন করছে ওই পরিবারের তিন সদস্যরা

এই বিষয়ে মেহেরপুর প্রতিদিন কে আলেফা উদ্দীনের ছেলে সাজ্জাদ খান জানান, আমি আজ সকালে মুজিবনগর হাসপাতালে চিকিৎসার জন্য যাই, ওখান থেকে এসে দেখি বাড়িতে যাওয়ার রাস্তাটি বাশের বেড়া দিয়ে বন্ধ করে দিয়েছে প্রতিবেশিরা ।

তিনি আরও বলেন, ২০ বছর ধরে এই রাস্তা টি তে যাতায়াত করছি, যদিও এই রাস্তাটি ইউনিয়ন পরিষদের না, এই রাস্তাটিতে হাটার জন্য আমার দাদারা জমি অদলবদল করে নিয়েছে সেটির কাগজপাতিও আছে।
এই বিষয়ে রশিদা মৃদার স্ত্রী জানান, আমরা অশিক্ষিত লেখাপড়া জানিনা কিন্তু শুনেছি, আলেফা উদ্দীনের যাতায়াতে রাস্তা না থাকার কারণে জমি অদলবদল করা হয়েছে কথাটি সত্য। আর রাস্তাটি যে বন্ধ করা হয়েছে এটা মিথ্যা কারন অতিবৃষ্টির কারণে রাস্তাটিতে জলবদ্ধতার সৃষ্টি হয়েছে তাই রাস্তাটিতে মাঠি দেওয়ার জন্য ওই দিকে বেড়া দেওয়া হয়েছে। আর মাটি দিলে বেড়াটি সম্পর্ন ভাবে বুঝে যাবে। এতে তাদের যাতায়াতের সমস্যা হবে না।

মারা গেলেন মেহেরপুর সদর থানার

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সে মামলার এর অজ্ঞাত পলাতক আসামী তারিক হোসেন। সেই মামলায় জব্দকৃত “আল্লাহর দল”এর সদস্য তালিকায় তার নাম ছিল। সে আল্লাহর দলের মেহেরপুর সদর থানার “সহ থানা নির্বাহী” হিসেবে দায়িত্ব পালন করে আসছে। গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা কোর্টে হস্তান্তর করা হয়েছে।

মেপ্র/এমএফআর

প্রবাসী কল্যান ব্যাংক মেহেরপুর শাখার উদ্বোধন

প্রবাসী কল্যান ব্যাংক এর মেহেরপুর শাখার উদ্বোধন করা হয়েছে। বুধবার বিকালে মেহেরপুর কারিগরি প্রশিক্ষন কেন্দ্রে আনুষ্ঠানিকভাবে মেহেরপুর শাখার উদ্বোধন করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই শাখাটি উদ্বোধন করেন।

উদ্বোধনকালে প্রতিমন্ত্রী বলেন, আজকের এই দিনটি আমাদের কাছে স্মরনীয়। আজকে মেহেরপুরের জন্য অনেক গুলো প্রতিশ্রুতি পূরণ হতে চলেছে। আমরা আগামীতে এগিয়ে যাওয়ার জন্য দিনটি অত্যন্ত অর্থবহ ভুমিকা রাখবে।

তিনি আরও বলেন, বঙ্গবন্ধুর সপ্ন ছিল আমাদের স্বাধীন দেশের মানুষগুলো বিশে^র উন্নত জাতি হিেবে আত্মপ্রকাশ করবে। উন্নত জীবন-যাপন করবে। বর্তমান মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সেই পূরণ হয়েছে। আজ বিশে^র মানচিত্রে বাংলাদেশের মানুষরা মাথা উচু বাচতে শিখেছে।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য দেন, প্রবাসী ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের সচিব ড. আহমেদ মনিরুছ সালেহীন, প্রবাসী কল্যান ব্যাংক এর চেয়ারম্যান শাসছুন নাহার, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষন ব্যুরোর মহাপরিচালক শামছুল আলম, প্রবাসী কল্যান ব্যাংক এর

ব্যবস্থাপনা পরিচালক মাহতাব জাবিন, পুলিশ সুপার মুরাদ আলী, মেহেরপুর কারিগরি প্রশিক্ষন কেন্দ্রের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার।

মেপ্র/এমএফআর

সন্ধান চাই

ইমন আলী,বয়স আনুমানিক ১৮ বছর,পিতা মোঃ আক্কাস আলী,গ্রাম করমদি,উপজেলা গাংনী,জেলা মেহেরপুর। ছেলেটি মানসিক ভারসাম্যহীন। গাত ৪ সেপ্টেম্বর থেকে পাওয়া

যাচ্ছেনা। হারিয়ে যাওয়ার সময় তার শরীরে ছিল লাল রংয়ের শার্ট, পরনে কালো টাওজার। ছেলেটি হাত কামড়ানো ও প্রচুর পরিমানে পান খাওয়ার অভ্যাস আছে।
ছেলেটির সন্ধান জানা থাকলে নিম্ন ঠিকানায় জানানোর জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হইল।

যোগাযোগঃ
নজরুল ইসলাম
মোবাইলঃ ০১৭৪৯৯৪২৭৭৬

একটি মানুষও গৃহহীন থাকবে না- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হেসেন বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা যেভাবে দেশ কে এগিয়ে নিয়ে যাচ্ছে তা নজির বিহীন। প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি একটি মানুষও গৃহহীন থাকবে না, সেই প্রতিশ্রুতি বাস্তবায়নে কাজ করছে

সরকার।

বুধবার দুপুরে মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামে দূর্যোগ ও ত্রান মন্ত্রনালয়ের উদ্যোগে ১৩৫টি দূর্যোগ সহনীয় ঘরের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ফরহাদ হোসেন বলেন, সারা বিশে^র মধ্যে দুরদর্শী নেত্রী শেখ হাসিনা। তিনি যা বলেন তা করে দেখান। দেশের মানুষ যাতে শান্তিতে বসবাস করতে পারে সেজন্য গৃহহীনদের খুঁজে খুঁজে ঘর দেওয়া হবে।

প্রতিমন্ত্রী আরও বলেন, করোনার ক্রান্তিকালে আমাদের নেত্রী অত্যন্ত বিচক্ষনতার সাথে দেশ পরিচালনা করছেন। উনার দুরদর্শী নেতৃত্বে দেশের করোনা পরিস্থিতি এখন অনেকটায় স্বাভাবিক। তবে দ্বিতীয় ওয়েভ যদি আসে সেজন্য আমাদের সবাইকে সচেতন থাকতে হবে।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে মেহেরপুরের পলিশ সুপার এসএম মুরাদ আলী, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার, সুবিধাভোগী জনগণসহ স্থানীয় নেতৃবৃন্দরা।

মেহেরপুরে ফেন্সিডিলসহ ২ জন আটক

মেহেরপুরে ৪ বোতল ফেন্সিডিলসহ দুই মাদক সেবিকে আটক করেছে পুলিশ। বুধবার দিবাগত রাতে মেহেরপুর সদর থানার এস আই রফিকুল ইসলাম এর নেতৃত্বে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো মেহেরপুর পুরাতন পোস্ট অফিস পাড়ার আরিফ খানের ছেলে রুবেল খান(২৭) ও মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের আব্দুর রহমানের ছেলে রকি ইসলাম(২২)।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বিষয়টি নিশ্চিত করে জানান, আটক আসামীদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা

রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে সাপের কামড়ে বৃদ্ধের মৃত্যু

মেহেরপুরে সাপের কামড়ে ওহাব(৬০) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। বুধবার দিবাগত রাতে মেহেরপুর সদর উপজেলার তেরোঘরিয়া বিলে এ ঘটনা ঘটে। আব্দুল ওহাব শোলমারী গ্রামের নজর বিশ্বসের ছেলে।

পারিবারিক সুত্রে জানা যায়, বুধবার দিবাগত রাতে আব্দুল ওহাব তেরোঘরিয়া বিলের পাশে সেলিমের পুকুর পাহারায় ছিল। এ সময় তাকে সাপে ছোবল মারে, পরে সে বিষয়টি বুঝতে পেরে বাড়িতে যায়।

পরে দ্রুত মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেয়া হলে পথিমধ্যে তার মৃত্যু হয়। বৃহস্পতিবার সকালে আব্দুল ওহাবের জানাজা ও দাফন সম্পন্ন হয়েছে।

মেপ্র/এমএফআর

ভালো নেই কুষ্টিয়ার অধিকাংশ শিল্পীরা

শিল্প, সাহিত্য ও সংস্কৃতিতে বাংলাদেশকে সমৃদ্ধ করা জেলার নাম কুষ্টিয়া।

এ জেলায় বাউল সম্রাট ফকির লালন শাহর তীর্থভূমি, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত এই কুষ্টিয়া, বিষাদ সিন্ধুর

কারো কাছে হাতও পাততে পারেন না। তারা কাজ করেই টাকা নিতে চায়। অনেকে ঋণ সহায়তা পেলেও ঘুরে দাঁড়াতে পারত।

তিনি জানান, দীর্ঘদিন ধরে ঐতিহ্যবাহী পালা, নসিমন, গাজীর গান শিল্পীরা বংশ পরম্পরায় ধরে রেখেছেন। বর্তমান পরিস্থিতিতে তাদের কোনোভাবেই আর ধরে রাখা যাচ্ছে না। অনেকে মনোবল হারিয়ে ফেলেছে। তাই এখনই এসব শিল্পীদের আর্থিক সহযোগিতা না দিলে আর খুঁজেই পাওয়া যাবে না।